# নির্বাচন বানচালের চেষ্টা হচ্ছে তারা সফল হবে না: মির্জা ফখরুল




বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁওয়ে নিজের নির্বাচনী এলাকায় রোববার (১ ফেব্রুয়ারি) পথসভায় অংশ নেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সভায় তিনি বলেন, কিছু মহল নির্বাচনকে বাধাগ্রস্ত করার চেষ্টা করছে, কিন্তু তারা এতে সফল হবে না।

মির্জা ফখরুল অভিযোগ করেন, কিছু দল মিথ্যা প্রচারণা চালিয়ে মা-বোনদের বিভ্রান্ত করছে। তারা ভোটের মাধ্যমে সরাসরি জান্নাতে যাওয়া সম্ভব বলে বিভ্রান্তিকর বার্তা দিচ্ছে। বিএনপি মহাসচিব স্পষ্টভাবে বলেন, সত্য ও ন্যায়পরায়ণ কাজের মাধ্যম ছাড়া কোনো পথেই জান্নাতে যাওয়া সম্ভব নয়। তাই দেশকে এগিয়ে নিতে সবাইকে ধানের শীষে ভোট দেয়ার আহ্বান জানান তিনি।

নেতাকর্মী ও সাধারণ ভোটারদের উদ্দেশ্যে মির্জা ফখরুল বলেন, ভোটের দিন প্রত্যেকে ভোটকেন্দ্রের নিরাপত্তা নিশ্চিত করবেন। যাতে কেউ বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে। হিন্দু-মুসলিম সবাই নির্বিঘ্নে ভোট দিতে পারে, তা নিশ্চিত করতে সতর্ক থাকতে হবে এবং দুষ্টামি করার কোনো সুযোগ কেউ যেন না পায়।

LENS ASIA